

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, বাড়াবাড়ি কি এবং তার প্রকারভেদ আছে কি?

উত্তর: বল, বাড়াবাড়ি হচ্ছে আল্লাহর নির্ধারিত সীমা লজ্ঘন করা। শরী'য়াত অনুযায়ী যা কাম্য ও অনুমোদিত তার ওপর অতিরিক্ত করা দ্বারা হয়ে থাকে এবং ইবাদত মনে করে কোনো কিছু ত্যাগ করা দ্বারাও হয়ে থাকে। বিধ্বংসী বাড়াবাড়ির আরেকটি প্রকার: নবীগণ ও নেককার লোকদের উপযুক্ত মর্যাদা থেকে আরো বেশী ওপরে উঠানো বিষয়ে বাড়াবাড়ি করা এবং তারা যে ভালোবাসা, সম্মান ও মর্যাদার হকদার তাতে বাড়াবাড়ি করা, রুবুবিয়াতের সিফাত তাদের জন্য প্রদান করা বা কতক ইবাদত তাদের জন্য সম্পাদন করা এবং তাদের প্রশংসা ও গুণাগুণ বর্ণনায় এমন বাড়াবাড়ি করা, যা তাদেরকে ইলাহ এর মর্যাদায় উন্নীত করে।

আরেকটি বাড়াবাড়ি: আল্লাহ যেসব বৈধ বস্তু মানুষের উপকারের জন্য সৃষ্টি করেছেন, যেমন খাবার, পানীয় এবং মানুষ যার মুখাপেক্ষী হয় যেমন ঘুম ও বিবাহ সেগুলোকে স্থায়ীভাবে ত্যাগ করার মাধ্যমে আল্লাহর উদ্দেশ্যে ইবাদত করা।

আরেকটি ঘৃণ্য বাড়াবাড়ি হচ্ছে, তাওহীদপন্থী মুসলিমদের ওপর কুফরের ফায়সালা দেওয়া এবং তার ভিত্তিতে সম্পর্কচ্ছেদ, পরিত্যাগ, যুদ্ধ ও সীমালজ্যন করা এবং সম্মান, সম্পদ ও রক্ত হালাল জানা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10003

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন